
এই বুকলেটটি শিশুদের নিজেদের, অভিভাবক, শিক্ষক এবং যারা শিশুদের নিয়ে কাজ করেন তাদের ব্যবহারের জন্য

ব্রেকিং দ্য সাইলেন্স

ব্রেকিং দ্য সাইলেন্স
১০/১৪ ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
ফোন : ৮১২৯৯২৬, হটলাইন : ০১৭৭৮২৪৯২৭৭

E-mail: btsbd94@yahoo.com
Web: www.breakingthesilencebd.org

# আমাদের সুরক্ষার জন্য



EUROPEAN UNION

ব্রেকিং দ্য সাইলেন্স

Save the Children

প্রকাশক
ব্রেকিং দ্য সাইলেন্স
১০/১৪ ইকবাল রোড
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
ফোন : ৮১২৯৯৯২৬, হটলাইন : ০১৭৭৮২৪৯২৭৭
E-mail: btsbd94@yahoo.com
Web: www.breakingthesilencebd.org

অর্থায়নে
ইউরোপিয়ান ইউনিয়ন

সহযোগিতায়
সেভ দ্য চিলড্রেন

প্রথম প্রকাশ
জানুয়ারি, ২০০৫

পঞ্চম সংস্করণ
জুন, ২০১৩

অংকন
নাসিমুল খবির

ডিজাইন
মাসকম

মুদ্রণ
স্বস্তি প্রিন্টার্স, ফোনঃ ০১৭১১৫৪২৬০৯

**Disclaimer:**
This publication has been produced with the financial assistance of the 'European Union'. The contents of the publication are the sole responsibility of 'Breaking the Silence' and can in no way be taken to reflect the views of the 'European Union'.

দ্রষ্টব্যঃ এই বুকলেটটি ইউরোপিয়ান ইউনিয়ন এর আর্থিক সহায়তায় প্রকাশিত। বুকলেটটির বিষয়বস্তু ব্রেকিং দ্য সাইলেন্স-এর কর্ম অভিজ্ঞতা ও গবেষণালব্ধ ফলাফলের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। বিষয়বস্তু প্রণয়নে ইউরোপিয়ান ইউনিয়ন কোনভাবেই সম্পৃক্ত নয়।

ISBN: 984-32-1676-0

# আমাদের সুরক্ষার জন্য

ব্রেকিং দ্য সাইলেন্স

# আমাদের অধিকার জেনে নিই


- শিশু আইন ২০১৩ এবং জাতিসংঘ শিশু অধিকার সনদ অনুযায়ী ১৮ বৎসরের কম বয়সী সকল মানব সন্তানই শিশু হিসেবে গণ্য হবে।
- প্রতিটি শিশুর সমান অধিকার আছে। ছেলে ও মেয়ে শিশু, জাতি, ধর্ম, বর্ণ, শারীরিক সামর্থ, ধনী-দরিদ্র কোনো ভেদাভেদ থাকবে না।
- শিশুদের মতামত প্রকাশের অধিকার রয়েছে। শিশুর বয়স ও পরিণত বুদ্ধির কথা বিবেচনা করে তার মতামতের গুরুত্ব দিতে হবে।
- রাষ্ট্র শিশুদের যে কোনো প্রকার নির্যাতনের কবল থেকে রক্ষা করার দায়িত্ব পালন করবে।
- যে কোনো ধরনের যৌন কাজের উপকরণ হিসেবে ব্যবহারসহ সকল প্রকার যৌন নির্যাতনের কবল থেকে শিশুদের রক্ষা করতে হবে।
- শিশু অপহরণ, বিক্রয় ও পাচার বন্ধের জন্য সব ধরনের প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া সরকারের দায়িত্ব।





# শিশু যৌন নির্যাতন কী?

- শিশুরা বলে
  যে আদর শিশুকে কষ্ট দেয়
  যে তাকানো শিশুর হাসি কেড়ে নেয়
  তা-ই যৌন নির্যাতন
- কাছের লোকের মন্দ আদর অন্য সবার আড়ালে
  লোভ দেখিয়ে, ভয় পাইয়ে গোপন রাখতে বলে
- শিশুর ভাষায়
  কারো আদর, তাকানো, মুখের কথা
  যদি শিশুকে কাঁদায়
  তা-ই যৌন নির্যাতন।




## প্রচলিত ধারণা


- কারো কারো ধারণা
  নির্যাতনকারী পুরুষ ছাড়া আর কেউ না



## কে শিশুকে যৌন নির্যাতন করতে পারে?

- পরিচিত, আত্মীয়-স্বজন
  অথবা অপরিচিত
  মহিলা অথবা পুরুষ
  বয়সে বড় ছেলে অথবা মেয়ে
  যে কেউ শিশুকে যৌন নির্যাতন করতে পারে





## প্রচলিত ধারণা

- কিছু লোক বলে
  শিশু যৌন নির্যাতন ঘটে শুধু গরীব পরিবারে
- লোকে বলে
  মেয়ে শিশুই যৌন নির্যাতনের শিকার হয়
- কারো কারো মতে
  সুন্দর ও আকর্ষণীয় স্বাস্থ্যের শিশু
  যৌন নির্যাতনের শিকার হতে পারে


## কোন শিশু যৌন নির্যাতনের শিকার হতে পারে?

- ছেলে অথবা মেয়ে
  গ্রাম অথবা শহরে
  ধনী অথবা গরীব
  সুস্থ অথবা প্রতিবন্ধী
  যে কোনো বয়সে
  শিশু যৌন নির্যাতনের শিকার হতে পারে



## প্রচলিত ধারণা

- কিছু লোক বলে
  শিশু যৌন নির্যাতনের ঘটনায় শুধু শরীরের আঘাত জড়িত থাকে ।







## মানসিক আঘাত

- যৌন নির্যাতনের শিকার শিশুর মনের কষ্ট শরীরের আঘাতের চেয়ে অনেক বেশি গভীর এবং দীর্ঘস্থায়ী । এই সময় অবশ্যই শিশুর মানসিক সহযোগিতা পাবার অধিকার আছে ।

# কতভাবে নিজেকে রক্ষা করতে পারি?




- কাছে আমার মন্দ লোক, বুঝতে যদি পারি
  দৌড়ে আমি পালিয়ে যাব, করবো নাকো দেরি ।






- আমারও আছে 'না' বলার অধিকার
  বিপদ থেকে বাঁচতে করবো আমি চিৎকার ।



- নির্যাতনের ঘটনায় আর রবো না চুপ
  লজ্জা পাবে খারাপ লোক
  শাস্তি হবে খুব ।





- কাছের লোকের আচরণ খারাপ যদি হয়
  বলবো খুলে আপনজনকে (মা-বাবা, ভাই-বোন,
  অভিভাবক, বিশ্বস্ত কেউ) । ।




▶ থাকলে ঘরে একা
দরজা খোলার আগে
দেখতে হবে ভেবে
যায় কি তার সাথে
নিরাপদে থাকা ।



▶ গোপনে আমাকে দেয় যদি কেউ উপহার
বলবো সব খুলে
জানতে হবে বাড়ীর সবার ।



▶ কেউ আমাকে দিলে কোনো উপহার
বিনিময়ে দিতে কিছু নইতো আমি বাধ্য আর ।



যদি হয় কোনো শিশু যৌন নির্যাতনের শিকার
নির্যাতনকারীই আসল দোষী, নয়তো শিশু আর ।






যৌন নির্যাতনের ঘটনা
যদি না বলি আপনজনকে
নির্যাতনকারী তবে
করবে আবার নির্যাতন
অন্য কোন শিশুকে ।

## আমার সুরক্ষার সীমানা



- দু'হাত দিয়ে
তৈরি ত্রিভূজ আকার
সেই তো শরীরের
সীমানা সবার।





- মন্দ আদর রুখবো,
নির্যাতন বুঝবো
সীমানায় হাত বাড়ালে
বাঁচার উপায় খুঁজবো।

## শিশুর প্রতি বড়দের যে রকম আচরণ কাম্য

- শিশুর মতামত ধৈর্যের সাথে শুনে কোনটা ঠিক আর কোনটা ঠিক নয়, সেটা সুন্দর করে বুঝিয়ে দিলে সে ঠিক বিষয়টি বুঝতে চেষ্টা করবে ও সে জেদী হবে না।
- মিথ্যা-বলার জন্য শিশুকে বকা-ঝকা না করে মিথ্যা কেন খারাপ সেটা ভালো করে বুঝিয়ে বললে সে আর মিথ্যা বলবে না।
- শিশুকে বোঝাতে হবে যে খেলার সাথে সাথে তার পড়াশোনা করা এবং নিজের প্রতি খেয়াল রাখাও জরুরী।
- বর্ণ, লিঙ্গ, শ্রেণীভেদে সকল শিশুর প্রতি আচরণ একই রকম হবে।
- স্নেহ আর ভালোবাসা দিয়ে শিশুর মনকে জয় করাই সবচে সহজ পথ।